ভারতে সর্বাধিক প্রচারিত প্রথম শ্রেণির বাংলা দৈনিক

আনন্দবাজার পত্রিকা

মুখের অতিরিক্ত রোমের কারণ কী?

স্বাস্থ্যপাঠ

পুকুরে স্নানে নেমে মৃত্যু তিন কিশোরের

সাঁতার জানত না কেউ কলকাতা

সোমবার থেকে রাজ্যে হতে পারে ঝড়বৃষ্টি

কমতে পারে তাপমাত্রাও

মোহনবাগানের ত্রিমুকুট জয়ের হাতছানি আজ

কামিংসের একান্ত সাক্ষাৎকার খেলা

epaper.anandabazar.com

নতুন বই

আয়ু, এই স্মৃতি, এই শহর যেন সবই পরাবাস্তব। যে কোনো জ্বরের দিনে কবিকে আশ্রয় দেয় ভাষা।

এমনই ভাবনা নিয়ে শুরু হয় সিউড়ির ঋক অমৃত-এর সাম্প্রতিক কাব্যগ্রন্থ, 'ভাষা বিচারক যার'। পরাবাস্তবের প্রলম্বিত ছায়া নেই তাঁর কবিতায়, নেই সংকেতের গূঢ় রহস্যময় পথ। নিসর্গের কারুকার্যময়তাকে আশ্রয় করেছেন তাও নয়। তাঁর কবিতা আকৃষ্ট করে শব্দের প্রয়োগ ও সঞ্চারের মুন্সিয়ানার জন্যই। এই বইয়ের ছাপান্নটি কবিতায় বেদনাবোধ আছে, রয়েছে বিষাদময়তা, দ্রোহও আছে কিন্তু খুব অনুচ্চ স্বরে। প্রাত্যহিক জীবনের অনুষঙ্গই তাঁর কবিতার বিষয়। কিন্তু বইয়ের পাতা উল্টেই পাঠক অনায়াসে বুঝে নেন কবির যাত্রা বৃহতের দিকে, অধিকতর সত্যের খোঁজে নিরন্তর চলা তাঁর। শব্দ ব্যবহার ও বিন্যাসের ক্ষেত্রে ঋক যথেষ্ট মুনশিয়ানার ছাপ রেখেছেন। ঝকঝকে ছাপা, সংহত বাঁধাই, প্রমাদহীন মুদ্রণ বইটির সম্পদ। সেঁজুতি বন্দোপাধ্যায়ের প্রচ্ছদ কাব্যগ্রন্থটিকে নিঃসন্দেহে আরও আকর্ষক করে তুলেছে।